
দৈনিক সংবাদ

তারিখ ... AUG 1 5 1999
পৃষ্ঠা 6 ... কলাম 4

272

## এসএসসি রেফার্ড পরীক্ষা

পত্রিকান্তরে প্রকাশিত খবর অনুযায়ী জানা গেল ঢাকা বোর্ড কর্তৃপক্ষ একটি সময়োচিত ও যুগোপযোগী সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সিদ্ধান্তটি হচ্ছে, এসএসসি পরীক্ষায় কোন ছাত্রছাত্রী একটি বিষয় অকৃতকার্য হলে এবং মোট মার্ক অনুযায়ী যদি কৃতকার্য হয়ে থাকে তবে সে রেফার্ড পরীক্ষা দিতে পারবে এবং রেফার্ড পরীক্ষায় কৃতকার্য হলে সে যত মোট মার্ক পাবে সে অনুসারে তাকে কৃতকার্য এবং প্রাপ্ত বিভাগ দেখানো হবে। এটি একটি বহু প্রয়োজনীয় পদক্ষেপ বলে আমরা মনে করি। আমাদের অনুরোধ সরকার যেন এ প্রস্তাবে সদয় অনুমোদন দিতে কুণ্ঠাবোধ না করেন। এটি অনুমোদিত হলে বহু ছাত্রছাত্রী, তাদের অভিভাবক এবং স্কুলসমূহ নানাবিধ সমস্যা থেকে রক্ষা পাবে। এতে জনগণের কল্যাণ হবে এবং জনগণের কল্যাণ হলেই তো সরকারের এবং দেশের কল্যাণ।



এসএসসি পরীক্ষা মূলত একটি প্রাথমিক পর্যায়ের পরীক্ষা। এটা দেশের শিক্ষার হার বৃদ্ধি করে। এই পরীক্ষা পাশ করেই সে ছাত্রছাত্রী তেমন কোন গুরুত্বপূর্ণ চাকরি পায় না, তবে এ পরীক্ষায় পাস করলে সে পরবর্তী জীবন গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। দেশের ও বিদেশের বহু পরীক্ষায় এ ধরনের পাসের ব্যবস্থা রয়েছে। এ ব্যবস্থা অনুমোদিত হলে বহু গরিব পিতা-মাতা উপকৃত হবেন। সরকার যেন ছাত্রছাত্রী ও তাদের গরিব পিতামাতার দিক বিবেচনা করে বোর্ডের এ যুগান্তকারী পদক্ষেপকে স্বাগত জানান এবং যথাশিগগির সম্ভব সিদ্ধান্ত নিয়ে এ বছরের ছাত্রছাত্রীদের এ ধরনের পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ করে দেন।

বিনীত কুমার চক্রবর্তী
নয়া সড়ক, সিলেট-৩১০০